

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/ ৬৬৬

তারিখ: ১৭ নভেম্বর, ২০২২ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪২/২০২২

বিষয়: আমদানিকৃত “Ariel liquid Detergent” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র: Procter & Gamble Bangladesh (Pvt) Ltd. কর্তৃক ১৯/০৯/২০২২ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

Procter & Gamble Bangladesh (Pvt) Ltd. নামক প্রতিষ্ঠান “Ariel liquid Detergent” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

|                   |  |
|-------------------|--|
| আবেদনকারীর নাম    | Procter & Gamble Bangladesh (Pvt) Ltd.   |
| আবেদনকারীর ঠিকানা | Procter & Gamble Bangladesh (Pvt) Ltd. 40/6<br>Consord Bilkis Tower, 11 <sup>th</sup> Floor, North Avenue,<br>Gulshan-2, Dhaka-1212. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

|   |                          |
|---|--------------------------|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম       | “Ariel liquid Detergent” |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Liquid                   |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)                    | India                    |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস      | 3402.50.00               |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

পণ্যটি Ariel Liquid Detergent যা প্রধানত Washing Preparation হিসেবে ব্যবহৃত হয়। উক্ত পণ্যের উপাদান হিসেবে Sodium C10-13 Alkyl Benzene sulfonate, sodium laureth sulfate, Boric Acid, Sodium Metaborate, Pentasodium Pentetate, Benzisothiazolinone ইত্যাদি রয়েছে। এছাড়াও আমদানিকারক তার আবেদনে উল্লেখ করেছেন যে, পণ্যটি Retail Pack আকারে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

ডিটারজেন্ট-এর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে এর ক্ষারীয় প্রকৃতি। আমদানিকৃত পণ্যের রাসায়নিক গঠন এর ক্ষারীয় প্রকৃতি তথা ডিটারজেন্ট -এর Essential Character বহন করে। এমতাবস্থায়, সার্বিক বিবেচনায়, পণ্যটি 3402.50.00 এইচ এস কোডে শ্রেণীবিন্যাসিত হবে।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৭.১১.২০২২

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।


নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২০/

( )

তারিখ: ১৭ নভেম্বর, ২০২২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহং করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৭। Procter & Gamble Bangladesh (Pvt) Ltd. 40/6 Consord Bilkis Tower, 11<sup>th</sup> Floor, North Avenue, Gulshan-2, Dhaka-1212.

  
(মুকিতুল হাসান)  
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এগ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: [nbrclassification@gmail.com](mailto:nbrclassification@gmail.com)